

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

স্মারক নং ক/অ/

তারিখঃ

বিষয় : ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রসঙ্গে

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৭-০৭-২০১৪ তারিখের- ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২০৩ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/ জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের স্বার্থীয়নের পরিশোধের শর্তে নিম্ন লিখিত বিভাগ/ বিষয় সমূহে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে ১(এক) বছরের জন্য সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান করা হল।

একাদশ শ্রেণীর (পাঠ্যক্রম অনুযায়ী)

আবশ্যিক বিষয় সমূহ	নৈর্বচনিক বিষয় সমূহ	ঐচ্ছিক বিষয় সমূহ
বাংলা, ইংরেজী.	ক গুচ্ছ থেকে ২টি	যে কোন একটি
তথ্যা ও যোগাযোগ প্রযুক্তি	খ গুচ্ছ থেকে ১টি	

মানবিক বিভাগ	বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা শাখা
১। অর্থনীতি	১। পদার্থ বিজ্ঞান	১। হিসাব বিজ্ঞান
২। ইতিহাস	২। রসায়ন	২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। যুক্তিবিদ্যা	৩। জীব বিজ্ঞান	৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। সমাজবিজ্ঞান	৪। উচ্চতর গণিত	৪। ভূগোল

আরোপিত শর্ত সমূহঃ

- একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতিকে প্রথম পর্যায়ে ১(এক)বছরের জন্য অর্থাৎ আগামী ৩০-০৬-২০১৫তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসাবে গন্য করা যাবেনা।
- প্রতিবিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- লাইব্রেরীতে ২০০০(দুই হাজার) বই থাকতে হবে।
- জাতীয় দিবস গুলি উদযাপন ও ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগীতার আয়োজন করতে হবে।
- ২০০৯ তারিখের নীতিমালা অনুযায়ী আন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- এক মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০/= টাকা জমা রাখতে হবে।
- দ্বাদশ শ্রেণী খোলার পূর্বে ৬,০০০/= (ছয় হাজার)টাকা ফিস জমা দিয়ে পূর্বানুমতি গ্রহণ করতে হবে
- যশোর শিক্ষা বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করতে হবে।
- বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ৬(ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মান করতে হবে।
- কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- পরীক্ষার পূর্বেই প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা হিসাবে ফী জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (কলেজ স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।

৩৪/-

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন-০৪২১-৬৮৬৩৮

প্রাপকঃ

অধ্যক্ষ

বীরেন শিকদার আদর্শ স্কুল এন্ড কলেজ

ডাকঃ মহম্মদপুর, জেলা- মাগুরা।

স্মারক নং-কলেজ/ ১৪০৪(২০)৭

তারিখঃ ২০/৭/১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- জেলা প্রশাসক, মাগুরা।
- জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।
- সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সংরক্ষণ নথি।

৩৪/-
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,